গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্ভাবনী পরিকল্পনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি	মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	০৫ আগস্ট, ২০২১
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা
স্থান	জুম অনলাইন প্লাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল শহিদকেও শ্রদ্ধাভরে স্মরণ করেন। অতঃপর সভায় অধিদপ্তরের উদ্ভাবনী পরিকল্পনাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্রম	উদ্ভাবনী পরিকল্পনার শিরোনাম	উদ্ভাবনী পরিকল্পনার বিস্তারিত বিবরণ	বাস্তবায়ন অগ্রগতি ও সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১।	বাংলাদেশে মাদকাসক্তদের সংখ্যা নির্ণয়	বাংলাদেশে মাদকাসক্তদের সংখ্যা সুনির্দিষ্টভাবে নির্ণীত নয়। নোডাল এজেন্সী হিসেবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বাংলাদেশে মাদকাসক্তদের সংখ্যা সুনির্দিষ্টভাবে নির্ণয় করা।	১। ইতোমধ্যে অপারেশনস্ ও গোয়েন্দা অধিশাখা কর্তৃক বাংলাদেশে মাদক ভোক্তাদের তালিকা প্রণয়নের কাজ চলমান। ২। বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে সভা-সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন করা যেতে পারে।	পরিচালক (অপারেশনস্/ চিকিৎসা ও পুনর্বাসন)
২।	মাদকাসক্ত শনাক্তকরণে আধুনিক প্রযুক্তির ব্যবহার	নো-টেস্ট প্রযুক্তির সংযোজন (হাত ঘড়ির মতো আকারে লেটেস্ট ডিভাইস তৈরি)।	১। ইতোমধ্যে ১৯টি জেলার ২১টি স্থানে ডোপ টেস্ট সেন্টার স্থাপনের লক্ষ্যে প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হয়েছে। ২। নো-টেস্ট প্রযুক্তি সংগ্রহের জন্য বিশেষ টিম গঠন করা যেতে পারে। ৩। র‍্যান্ডম টেস্ট বা ভ্রাম্যমাণ গাড়ির মাধ্যমে ঘরে ঘরে ডোপ টেস্টের নতুন প্রযুক্তি সংযোজন করা যেতে পারে।	পরিচালক (অপারেশনস্/ চিকিৎসা ও পুনর্বাসন)
৩।	দেশে মাদক কমছে কি না তার ইনডিকেটর সেট করতে হবে	দেশে মাদক পাচার ও ব্যবহার হ্রাস পাচ্ছে কি না তা নির্ধারণের লক্ষ্যে সূচক নির্ধারণ করা।	১। মাদকাসক্ত ব্যক্তির সংখ্যা, মাদক সংক্রান্ত মামলায় আসামীর সংখ্যা, চিকিৎসার জন্য আসা মাদকসেবীদের সংখ্যা, পারমিটধারীদের সংখ্যা সংগ্রহ ও সংরক্ষণ করা যেতে পারে। ২। মাদকের মূল্য বৃদ্ধি পাচ্ছে কি না বা মাদকের ক্রাইসিস আছে কি না তা নির্ধারণ করা যেতে পারে। ৩। মাদকবিরোধী প্রচার-প্রচারণা বৃদ্ধি, দেশব্যাপী মাদক সংক্রান্ত অভিযোগ বক্স স্থাপন করা যেতে পারে।	পরিচালক (অপারেশনস্/ চিকিৎসা ও পুনর্বাসন)
৪।	নিরাময় কেন্দ্রসমূহে ডিজিটাল মনিটরিং সিস্টেম চালুকরণ	মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে সিসিটিভি সংযোগ স্থাপন এবং আইপি সংযোগের মাধ্যমে প্রধান কার্যালয়ে ডিজিটাল মনিটরিং সিস্টেম চালু করা।	লাইসেন্সপ্রাপ্ত সকল বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে সিসিটিভি স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)

ক্রম	উদ্ভাবনী পরিকল্পনার শিরোনাম	উদ্ভাবনী পরিকল্পনার বিস্তারিত বিবরণ	বাস্তবায়ন অগ্রগতি ও সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
৫।	সাইবার ক্রাইম সেল গঠন	ডার্ক নেট, ক্রিপ্টোকারেন্সী, মোবাইল অ্যাপস্ এবং সাইবার ক্রাইম বিষয়ক অভিজ্ঞ টিম গঠন।	১। অধিদপ্তরের সাইবার সেল পুনর্গঠন করতে হবে। ২। বিটিআরসি'র সাথে MoU করা যেতে পারে। ৩। অত্যাধুনিক প্রযুক্তি সংযুক্ত করে নতুন প্রকল্প প্রস্তাব গঠন করতে হবে।	পরিচালক (প্রশাসন/ অপারেশনস্)
৬।	ক্রইম ম্যানেজমেন্ট ডাটাবেজ তৈরি	মাদক ব্যবসায়ী (গডফাদার, পাইকারী, খুচরা ও পৃষ্ঠপোষক) এবং মাদকাসক্ত ব্যক্তিদের অনলাইন ডাটাবেজ তৈরি	মাদক ব্যবসায়ী (গডফাদার, পাইকারী, খুচরা ও পৃষ্ঠপোষক) এবং মাদকাসক্ত ব্যক্তিদের অনলাইন ডাটাবেজ তৈরির লক্ষ্যে একটি সফটওয়্যার ডিজাইন ও প্রস্তুত করা যেতে পারে।	পরিচালক (অপারেশনস)
৭।	গোয়েন্দা কার্যক্রম শক্তিশালীকরণ	অধিদপ্তরের গোয়েন্দা কার্যক্রমকে শক্তিশালীকরণের লক্ষ্যে অস্ত্র, প্রযুক্তি, ট্র্যাকারসহ অন্যান্য প্রয়োজনীয় বিষয়সমূহ নির্ধারণ করা।	১। প্রয়োজন ভিত্তিক (Need Based) দিকসমূহ নির্ধারণ এবং উত্তরণের কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। ২। এ বিষয়ে সভা-সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন করা যেতে পারে।	পরিচালক (অপারেশনস্)/ অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা)
৮।	মাদকপ্রবণ অঞ্চল নির্ধারণ করে ব্যবস্থা গ্রহণ	মাদকপ্রবণ অঞ্চল নির্ধারণ করা এবং মাদক পাচার রোধে ব্যবস্থা গ্রহণ	১। একটি নির্দিষ্ট সময়ের জন্য মাদকপ্রবণ অঞ্চল নির্ধারণ করে সেখানে প্রয়োজনীয় জনবল পদায়ন। ২। প্রয়োজনে যে অঞ্চলে মাদকপ্রবণতা কম, সে অঞ্চল থেকে জনবল মাদকপ্রবণ এলাকায় পদায়ন করা যেতে পারে।	পরিচালক (প্রশাসন/ অপারেশনস্)
৯।	পারফরমেন্স বক্স চালু	অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের জন্য অনলাইট স্টাফ ডায়েরী সিস্টেম চালুকরণ	১। উপপরিদর্শক থেকে তদুর্ধ্ব সবার পারফরমেন্স বক্স চালু করতে হবে। ২। অনলাইন স্টাফ ডায়েরী সিস্টেমে কর্মকর্তা-কর্মচারীগণ প্রতিদিনের কাজের ইনপুট দিবেন। ৩। সার্ভিস গণনার ব্যবস্থা থাকতে হবে। ৪। ইফেক্টিভ ও নন-ইফেক্টিভ সার্ভিস গণনার ব্যবস্থা থাকতে হবে।	পরিচালক (প্রশাসন/ অপারেশনস্)
১০।	মাদকবিরোধী প্রচার কার্যক্রমে নতুনত্ব আনয়ন	১। বিভিন্ন ধরণের মিডিয়ায় (প্রিন্ট/ টিভি/ইলেক্ট্রনিক/অনলাইন/ সোশ্যাল মিডিয়া) মাদকবিরোধী প্রচার-প্রচারণা জোরদার ও দৃশ্যমান করা। ২। স্কুল-কলেজ (বাংলা ও ইংরেজি মাধ্যম) এবং বিশ্ববিদ্যালয়ে মাদকবিরোধী বিশেষ প্রচার-প্রচারণার পদ্ধতি নির্ধারণ।	১। মিডিয়া ও শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক ভিন্ন ভিন্ন মাদকবিরোধী প্রচার-প্রচারণার পরিকল্পনা গ্রহণ করতে হবে। ২। মিডিয়া ও শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক কীভাবে প্রচার-প্রচারণা করতে হবে সে বিষয়ে কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। ৩। বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে মাদকবিরোধী প্রচারণা কার্যক্রমে সম্পৃক্ত করতে হবে, প্রয়োজনে সম্মাননা প্রদানের ব্যবস্থা করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)
১১।	মাদকবিরোধী কার্টুন, গেমস ও অ্যাপস্ তৈরি	শিশু ও কিশোরদের জন্য শিক্ষামূলক ও মাদকবিরোধী কার্টুন, গেমস ও অ্যাপস্ তৈরি	মাদকবিরোধী কার্টুন, গেমস ও অ্যাপস্ তৈরির জন্য বিশেষজ্ঞদের নিয়ে একটি কমিটি গঠন করা যেতে পারে। উক্ত কমিটি শিশু ও কিশোরদের উপযোগী কন্টেন্ট প্রস্তুতের সম্ভাব্যতা যাচাই করতে পারে।	পরিচালক (নিরোধ শিক্ষা)
১২।	জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় বৃদ্ধি	সমাজের বিভিন্ন পর্যায়ের জনপ্রতিনিধিদের সাথে অধিদপ্তরের সমন্বয় বৃদ্ধি করা	১। ইউনিয়ন, থানা, উপজেলা ও জেলা পর্যায়ের প্রতিনিধিদের সাথে যোগাযোগ স্থাপনের মাধ্যমে মাদকবিরোধী কার্যক্রমের তাদের সংযুক্ত করতে হবে। ২। উক্ত কর্মকান্ডের TOR প্রস্তুত করা যেতে পারে। ৩। অনলাইন প্লাটফর্মে নিয়মিত সভা করা যেতে পারে।	
১৩।	প্রেস উইং গঠন	অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক যোগাযোগের জন্য ইংরেজিতে পারদর্শী এবং যোগাযোগে সক্ষম এমন কর্মকর্তাদের সমন্বয়ে প্রেস উইং গঠন করা।	১। দেশীয় ও আন্তর্জাতিক মিডিয়ায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে পরিচিত করতে ইংরেজিতে পারদর্শী এবং সাংবাদিকগণের সাথে যোগাযোগে সক্ষম এমন কর্মকর্তাদের সমন্বয়ে একটি প্রেস উইং গঠন করতে হবে। ২। প্রেস উইং এর ২টি শাখা থাকবে। একটি শাখা অভ্যন্তরীণ মিডিয়া ও আন্তঃসংস্থা সংযোগ স্থাপন এবং অপর শাখা আন্তর্জাতিক মিডিয়া ও সংস্থা নিয়ে কাজ করবে।	পরিচালক (প্রশাসন)

ক্রম	উদ্ভাবনী পরিকল্পনার শিরোনাম	উদ্ভাবনী পরিকল্পনার বিস্তারিত বিবরণ	বাস্তবায়ন অগ্রগতি ও সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১৪।	আইডিয়া ব্যাংক	অধিদপ্তরের উপপরিদর্শক থেকে উপপরিচালক পর্যন্ত কর্মকর্তাদের সমন্বয়ে ডিজিটাল আইডিয়া ব্যাংক স্থাপন করতে হবে।	১। সহকারী পরিচালক ও উপপরিচালকগণ প্রতি ১৫দিনে একটি করে এবং প্রশাসনিক কর্মকর্তা, প্রসিকিউটর, পরিদর্শক, উপপরিদর্শক, সহকারী প্রসিকিউটর, হিসাবরক্ষকগণ প্রতিমাসে একটি করে আইডিয়া প্রেরণ করবেন। ২। প্রতিটি আইডিয়া ০১ লাইনের হবে, আইডিয়াসমূহ নীড বেজড হবে, যার যৌক্তিকতা ও বাস্তবায়ন প্রক্রিয়া সাথে দিতে হবে। ৩। আইডিয়ার পেটেন্ট করতে হবে। ৪। আইডিয়া ফ্যাক্টরী চালু থাকতে হবে।	পরিচালক (প্রশাসন)
১৫।	অনলাইন অফিস চালু	অধিদপ্তরের প্রতিটি কার্যালয়কে ই-নথি ও ই-ফাইলিং এর আওতায় আনয়ন	১। অধিদপ্তরের প্রতিটি কার্যালয়ে ই-নথি ও ই-ফাইলিং সিস্টেম চালু করতে হবে। ২। এ লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করতে হবে। ৩। ৩৭টি সেবাকে এক সেবায় অন্তর্ভুক্ত করে ডিজিটাল অফিস চালু করতে হবে।	পরিচালক (প্রশাসন)
১৬।	থিংক ট্যাংক তৈরি	অধিদপ্তরের অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ এবং সমাজের এলিট শ্রেণি ও বুদ্ধিজীবীদের সমন্বয়ে থিংক ট্যাংক গঠন	১। অধিদপ্তরের অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণের তালিকা প্রস্তুত করতে হবে। ২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সমাজের এলিট শ্রেণি ও বুদ্ধিজীবীদের তালিকা প্রস্তুত করতে হবে।	পরিচালক (প্রশাসন)
১৭।	ড্রাগ মিউজিয়াম	কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের লক্ষ্যে গোপনীয়তা বজায় রেখে আন্তর্জাতিক মানের ড্রাগ মিউজিয়াম স্থাপন	আধুনিকমানের ড্রাগ মিউজিয়াম স্থাপনের লক্ষ্যে আইনগত দিকসমূহ পরীক্ষণ এবং সার্বিক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে কমিটি গঠন করতে হবে।	পরিচালক (প্রশাসন/ অপারেশনস্)
১৮।	প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরি	অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষ ও প্রশিক্ষিত করে তুলতে নিয়মিত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে প্রশিক্ষণ পরিকল্পনা, মডিউল ও ক্যালেন্ডার প্রস্তুত করা	১। ইতোমধ্যে ১ম শ্রেণির কর্মকর্তাদের প্রশিক্ষণ পরিকল্পনা অনুমোদিত হয়েছে এবং বিভিন্ন একাডেমি বা প্রশিক্ষণ কেন্দ্রে Need Based প্রশিক্ষণে মনোনয়ন প্রদান করা হচ্ছে। ২। ১ম শ্রেণির কর্মকর্তা ব্যতীত অন্যান্যদের প্রশিক্ষণ পরিকল্পনা প্রস্তুতের কাজ চলমান রয়েছে।	পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা)

৪। সভাপতি প্রতি মাসের প্রথম রবিবার আলোচ্য বিষয়সমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে শাখাভিত্তিক আলোচনার সিদ্ধান্ত প্রদান করেন।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৬.০৬.০০২.২১.১৯

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৮
১০ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
২) চীফ কনস্যালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩) প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৫) অফিস কপি।

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)